



Reg. No.Dha-0462

# বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখঃ ২৬.০২.২০২৩

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়ঃ হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার পূর্ব আন্দিউড়া গ্রামে বখাটেদের উত্ত্যক্তকরণ এবং হেনস্তার কারণে স্কুলছাত্রীর বিষপানে আত্মহত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকার প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে - হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার পূর্ব আন্দিউড়া গ্রামে বখাটেদের উত্ত্যক্তকরণ ও হেনস্তার কারণে স্কুলছাত্রীর বিষপানে আত্মহত্যার ঘটনা ঘটেছে। জানা যায়, প্রায় এক বছর ধরে আন্দিউড়া গ্রামের মুন পাঠানের ছেলে বখাটে কিশোর নয়নের নেতৃত্বে বিদ্যালয়ে আসা-যাওয়ার পথে ওই স্কুলছাত্রীকে উত্ত্যক্ত করে আসছিল। ঘটনার শিকার স্কুলছাত্রী ও সহপাঠীরা গত ২৪.০২.২০২৩ তারিখ শুক্রবার দুপুর ২টার দিকে আন্দিউড়া প্রাথমিক বিদ্যালয়ে কিশোরী ক্লাবে গান শিখতে যায়। এ সময় আন্দিউড়া গ্রামের কিশোর গ্যাং সদস্য নয়ন, ইমন, বিজয় ও আরমান নামে চার বখাটে বিদ্যালয়ের কক্ষে ঢুকে স্কুলছাত্রীকে উত্ত্যক্ত করে জোরপূর্বক তুলে নেওয়ার চেষ্টা করে। বিকেলে সাড়ে তিনটায় ওই ছাত্রী স্কুল থেকে বের হয়ে বাড়ি ফেরার পথে রাস্তায় এসে আবার বখাটেরা তাকে হাত ধরে টানাটানি ও শারীরিক নির্যাতন করে। বখাটেদের অপমান সহ্যে না পেয়ে বাড়ি এসে স্কুলছাত্রী বিষপান করে। গুরুত্বুর অবস্থায় তাকে হাসপাতালে নিলে চিকিৎসাধীন অবস্থায় ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে তার মৃত্যু হয়।

সাম্প্রতিক সময়ে সারাদেশে যৌন হয়রানি, উত্ত্যক্তরণের ঘটনা উদ্বেগজনক। যা নারী ও কন্যার স্বাধীন চলাচল, নিরাপত্তা এবং অগ্রযাত্রায় ব্যহত করছে।

বাংলাদেশ মহিলা পরিষদ স্কুলছাত্রীকে উত্ত্যক্তরণ ও হেনস্তার ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, সূষ্ঠ ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে। সেইসাথে ঘটনার শিকার স্কুলছাত্রীর পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং এ ধরনের ঘটনা পুনরাবৃত্তিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রশাসনের নিকট অনুরোধ জানাচ্ছে।

এই ধরনের ঘটনা প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে যথাযথ ভূমিকা পালনের দাবি জানাচ্ছে। সেই সাথে যৌন নিপীড়ন, উত্ত্যক্তকরণ বন্ধে মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নের দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ